দৈনিক সংবাদ

তারিখ 2 1 FEB 1993
পৃষ্ঠা ১২ কলাম ৫

# চট্টগ্রাম ভার্সিটিতে একু[illegible]র অনুষ্ঠান হবে ঃ উপাচা[illegible]

।। শহীদুল ইসলাম বাচ্চু ।।

চট্টগ্রাম, ২০শে ফেব্রুয়ারি।- "১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি ভাষা আন্দোলনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমতলায় অনুষ্ঠিত ঐতিহাসিক সভায় আমিও উপস্থিত ছিলাম। আমি তখন ঐ বিশ্ববিদ্যালয়ের ছাত্র। আমার সামনেই বরকত গুলি খেয়ে মারা গেছে। ভাষা আন্দোলনে অংশগ্রহণকারী সেই আমি আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে একুশের কর্মসূচী পালনের অনুমতি দেব না- এটা কি একটা কথা হল? বাংলাদেশে একুশের অনুষ্ঠান হবে না তা কি কখনো হতে পারে?"

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মহান একুশে পালনের অনুমতি দেয়া হচ্ছে না মর্মে সাম্প্রতিক 'বিতর্কের' প্রেক্ষিতে আজ শনিবার রাতে এক টেলিফোন সাক্ষাৎকারে জানতে চাইলে উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরী এ কথা বলেন।

উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবার যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস পালনের জন্য ব্যাপক কর্মসূচী নিয়েছে। চাকসু এবং হল সংসদগুলোও বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। তবে এর বাইরে আলাদাভাবে কোন গ্রুপ বা সংগঠনকে একুশে পালনের অনুমতি দেয়া হয়নি।

পত্রপত্রিকায় প্রকাশিত 'বিতর্ক' অবসানের জন্য কর্তৃপক্ষীয় তরফ থেকে কোন ব্যাখ্যা দিচ্ছেন না কেন প্রশ্ন করা হলে উপাচার্য জানান, ব্যাখ্যা দিয়ে কোন 'কনট্রাডিক্ট' করার ইচ্ছা আমার নেই। অতীতেও কখনো ব্যাখ্যা দিইনি। আজও দেব না।